Department OF Bengali, Gour Mahavidyalaya

P - II (1+1+1) H / 19 (N)

2019

# BENGALI (Honours)

## Paper Code : III-A & B

## [New Syllabus]

Full Marks : 100 | Time : Four Hours

### Important Instructions for Multiple Choice Question (MCQ)

- Write Subject Name and Code, Registration number, Session and Roll number in the space provided on the Answer Script.

  Example : Such as for Paper III-A (MCQ) and III-B (Descriptive).

  Subject Code : | III | A | & | B |

  Subject Name :

- Candidates are required to attempt all questions (MCQ). Below each question, four alternatives are given [i.e. (A), (B), (C), (D)]. Only one of these alternatives is 'CORRECT' answer. The candidate has to write the Correct Alternative [i.e. (A)/(B)/(C)/(D)] against each Question No. in the Answer Script.

  Example – If alternative A of 1 is correct, then write :

  1. – A

- There is no negative marking for wrong answer.
- No student will be allowed to leave the examination hall before completion of the examination.
- Using abusive language or employing any other unfair means, he/she will render himself/herself liable to disqualify.
- Use of any mobile phone, calculator or log table etc. in the examination hall is prohibited, except specially instructed in the question paper.



### মাল্টিপল চয়েস প্রশ্নের (MCQ) জন্য জরুরী নির্দেশাবলী

- উত্তরপত্রে নির্দেশিত স্থানে বিষয়ের (Subject) নাম এবং কোড, রেজিস্ট্রেশন নম্বর, সেশন এবং রোল নম্বর লিখতে হবে।

  উদাহরণ — যেমন Paper III-A (MCQ) এবং III-B (Descriptive)।

  Subject Code : | III | A | & | B |

  Subject Name :

- পরীক্ষার্থীদের সবগুলি প্রশ্নের (MCQ) উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নে চারটি করে সম্ভাব্য উত্তর, যথাক্রমে (A), (B), (C) এবং (D) করে দেওয়া আছে। পরীক্ষার্থীকে তার উত্তরের স্বপক্ষে (A) / (B) / (C) / (D) সঠিক বিকল্পটিকে প্রশ্ন নম্বর উল্লেখসহ উত্তরপত্রে লিখতে হবে।

  উদাহরণ — যদি 1 নম্বর প্রশ্নের সঠিক উত্তর A হয় তবে লিখতে হবে :

  1. – A

- ভুল উত্তরের জন্য কোন নেগেটিভ মার্কিং নেই।
- কোন অবস্থাতেই পরীক্ষার্থীকে পরীক্ষাচলাকালীন পরীক্ষাকেন্দ্রের বাইরে যাওয়ার অনুমতি দেওয়া যাবে না।
- অবাঞ্ছিত কোন শব্দ ব্যবহার করা অথবা অবৈধ কোনো কাজকর্মে লিপ্ত থাকলে ছাত্র/ছাত্রী তার পরীক্ষা বাতিলের জন্য নিজেই দায়ী থাকবে।
- প্রশ্নপত্রে নির্দেশিত বিশেষ নির্দেশ ছাড়া পরীক্ষাকক্ষে মোবাইল ফোন, ক্যালকুলেটর অথবা লগ-টেবিল ইত্যাদি ব্যবহার নিষিদ্ধ।

## Paper Code : III-A

Full Marks : 20 Time : Thirty Minutes

Choose the correct answer.

Each question carries 1 mark.

১। বাংলা উপন্যাসের স্কট বলে পরিচিত —

(A) শরৎচন্দ্র

(B) সতীনাথ ভাদুড়ী

(C) বঙ্কিমচন্দ্র

(D) বুদ্ধদেব বসু

২। হাঁসুলিবাঁকের উপকথা হল —

(A) কারা উপন্যাস

(B) আঞ্চলিক উপন্যাস

(C) ঐতিহাসিক উপন্যাস

(D) ভ্রমণ সাহিত্য

৩। গোবিন্দলাল প্রসাদপুরে যে ছদ্মনাম গ্রহণ করেছিলেন—

(A) হরলাল

(B) কানাইলাল

(C) বংশীলাল

(D) বিনোদলাল

*Turn Over*



৪। শেষের কবিতা উপন্যাসের প্রকাশ সাল —

(A) ১৩৩৫

(B) ১৩৩৬

(C) ১৩৩৭

(D) ১৩৫৮

৫। কবি উপন্যাসে কার না আসায় মোহান্ত চিন্তিত হয়েছিলেন —

(A) মহাদেব পালের

(B) নোটন দাসের

(C) রাখহরির

(D) নিতাইচরণের

৬। 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে কৃষ্ণকান্তের পুত্র সংখ্যা —

(A) ২ টি

(B) ৩ টি

(C) ১ টি

(D) ৪ টি

৭। 'বন্যা একটি আঙটি তোমায় পরাতে চাই' এখানে বন্যা হলো —

(A) যোগমায়া

(B) সুচরিতা

(C) কেটি

(D) লাবণ্য

৮। নিতাই-এর সবচেয়ে প্রিয় স্থান —

(A) মেলা

(B) অট্টহাস গ্রাম

(C) স্টেশন

(D) কৃষ্ণচূড়া গাছের নীচ

'বুধনী' গল্পে বুধনীদের আবাসস্থল —

(A) ডালহৌসি

(B) হাজারিবাগ

(C) রাঁচি

(D) পুরুলিয়া

১০। 'কিন্নরদল' গল্পে শ্রীপতির বৌ মারা যায় —

(A) শ্রাবণ মাসে

(B) ভাদ্র মাসে

(C) চৈত্র মাসে

(D) বৈশাখ মাসে

১১। 'স্তন্যদায়িনী' গল্পে যশোদার স্বামীর নাম —

(A) কাঙালীচরণ

(B) বনমালী

(C) পিয়ারীচরণ

(D) নবগোপাল

Turn Over



১২। 'জয়বাবা ত্রিলোকেশ্বর'-এই দেবতা উল্লিখিত আছেন যে গল্পে —

(A) কালান্তক লাল ফিতে

(B) দেবতার জন্ম

(C) মেঘমল্লার

(D) ক্যানভাসার

১৩। '... না বৌ যা ভেবেছিলাম তা নয়'—বক্তা —

(A) বোসগিন্নী

(B) মুখুজ্জে গিন্নী

(C) চক্কোত্তি গিন্নী

(D) রায় গিন্নী

১৪। মেঘমল্লার গল্পে তক্ষশীলার বিখ্যাত দার্শনিক পণ্ডিত যমুনাচার্য যে দর্শনের ভাষ্য প্রমাণে মগ্ন ছিলেন —

(A) স্মৃতি

(B) সাংখ্য

(C) ন্যায়

(D) মীমাংসা

১৫। ... প্রদীপটাও দমকা বাতাসে শেষ হয়ে গেছে আগেই। —এটি কোন্ গল্পের শেষ লাইন—

(A) নিশীথে

(B) হৈমন্তী

(C) মেঘমল্লার

(D) বদনাম

১৬। 'বদনাম' গল্পে ইন্সপেকটারের নাম —

(A) বিজয়বাবু

(B) অনিলবাবু

(C) বনমালীবাবু

(D) বিনয়বাবু

১৭। 'নিশীথে' গল্পটির প্রকাশ সন —

(A) ১৩০০

(B) ১৩০১

(C) ১৩০৩

(D) ১৩০৪

১৮। কৃষ্ণকান্তের উইল কতবার পরিবর্তিত হয়েছে —

(A) ২ বার

(B) ৩ বার

(C) ৪ বার

(D) ১ বার

১৯। কেটি মিটারের প্রকৃত নাম হল —

(A) কুমুদিনী

(B) সুচরিতা

(C) কেতকী

(D) কোপাই

Turn Over



২০। 'টপ্পা' গানের জনক কে?

(A) নিধুবাবু

(B) বিধুবাবু

(C) নিতাই

(D) নোটন দাস

P - II (1+1+1) H / 19 (N)

2019

# BENGALI (Honours)

## Paper Code : III-B

## [New Syllabus]

Full Marks : 80 Time : Three Hours Thirty Minutes

দক্ষিণ পার্শ্বস্থ সংখ্যা প্রশ্নের মান নির্দেশক।

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও।

১। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ৯×২=১৮

(ক) ছোটগল্প-এর প্রধান বৈশিষ্ট্যগুলি লেখো। বড় গল্প এবং নভেলেটের সঙ্গে তার পার্থক্য কোথায়? ৫+৪=৯

(খ) মনস্তাত্ত্বিক উপন্যাস কাকে বলবে? এই শ্রেণির উপন্যাস বাংলায় কোন্ সময় থেকে লিখিত হয়? একটি উপন্যাস আলোচনা করে দেখাও কী কারণে সেটি একটি মনস্তাত্ত্বিক উপন্যাস? ৩+১+৫=৯

(গ) রোমান্সের প্রধান বৈশিষ্ট্যগুলি আলোচনা করে দেখাও উপন্যাসের সঙ্গে তার সম্পর্ক কেমন? ৫+৪=৯

(ঘ) মহাকাব্যিক উপন্যাস বলতে কী বোঝ? একটি মহাকাব্যিক উপন্যাসের বিশদ আলোচনা করো। ২+৭=৯

২। উপন্যাসের নায়ক বলতে কি বোঝ? 'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসে নায়ক কে? কেন তাকে নায়ক বলবে আলোচনা করো। ১৪

অথবা,

'কৃষ্ণকান্তের উইল' উপন্যাসের পরিণতি কতদূর শিল্পসম্মত হয়েছে বিচার করো। ১৪

৩। 'ঝুমুর সম্প্রদায়ের প্রামাণ্য জীবনচিত্রের কথা যদি বিস্মৃত হই তবে 'কবি' উপন্যাসের শ্রেষ্ঠত্বের আধখানা অংশই কাটা পড়ে'—উক্ত প্রামাণ্য জীবনচিত্রের পরিচয় দাও। প্রমাণ করো কীভাবে তা আধখানা শ্রেষ্ঠত্বের সঙ্গে জড়িত? ১৪

*Turn Over*



অথবা,

নিতাই-এর শুচিতার জীবনদৃষ্টি বসন চরিত্রটিকে কেমনভাবে বদলে দিয়ে অন্য উচ্চতায় পৌঁছে দিয়েছে তা নিজের ভাষায় লেখো। ১৪

৪। "ভালোবাসার অনুভূতির ঐশ্বর্যই লাবণ্য চরিত্রটিকে স্বতন্ত্র ও উজ্জ্বল করে তুলেছে"—উক্তিটিকে মনে রেখে লাবণ্য চরিত্রটিকে বিশ্লেষণ করে দেখাও। ১৪

অথবা,

'শেষের কবিতা' উপন্যাসের পরিসমাপ্তি যথেষ্ট শিল্পসফল হয়েছে কিনা নিজের মতামতসহ আলোচনা করো। ১৪

৫। যে কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

(ক) কে সাঁঝ সকালের মা? তার এমন নামের কারণ কি? তার এই রূপান্তরিত মাতৃত্বের মধ্যে সমাজ বাস্তবতার কোন্ কোন্ দিকের হদিস পাও লেখো। ১০

(খ) 'বদনাম' গল্পে রবীন্দ্রনাথ সৌদামিনীর মতো চরিত্রের মধ্যে যে স্বদেশী ভাবনার প্রকাশ ঘটিয়েছেন তাকে মনে রেখে সৌদামিনী চরিত্রটি আলোচনা করো। ১০

(গ) 'কালান্তক লাল ফিতে' গল্পে হাস্যরসের আড়ালে কীভাবে সরকারি ব্যবস্থার তীব্র সমালোচনা করা হয়েছে নিজের ভাষায় লেখো। ১০

(ঘ) 'বুধনী' গল্পটি ছোটগল্প হিসেবে কতটা শিল্প সার্থক হয়েছে আলোচনা করো। ১০

---